

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৪১/২০২২-২০২৩
ময়মনসিংহ, ২৪ মে, বুধবার ২০২৩, ১০ জ্যৈষ্ঠ ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। কাতার বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান: পরিবর্তনের কারিগর হোন
- ০২। স্বাধীন-দায়িত্বশীল গণমাধ্যম উন্নয়ন সহায়ক- তথ্য ও সম্প্রচারমন্ত্রী
- ০৩। ময়মনসিংহের গৌরীপুরে তিন দিনব্যাপী কৃষি মেলায় উদ্বোধন
- ০৪। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সকলকেই ভূমিকা রাখতে হবে- বিভাগীয় কমিশনার
- ০৫। কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে রবীন্দ্র জন্মজয়ন্তী পালিত

০১। কাতার বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান: পরিবর্তনের কারিগর হোন

প্রধানমন্ত্রী শেখ হাসিনা মঙ্গলবার (২৩ মে) কাতার বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য আয়োজিত ‘বাংলাদেশ একটি উন্নয়ন মডেল: শেখ হাসিনার কাছ থেকে শেখা’ শীর্ষক অধিবেশনে যোগ দিয়ে কাতার বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নতুন ও ভবিষ্যৎকে আলিঙ্গন করার করার মানসিকতা নিয়ে পরিবর্তনের কারিগর হওয়ার আহ্বান জানিয়েছেন। অধিবেশনে বক্তৃতাকালে প্রধানমন্ত্রী আরো বলেছেন, বাংলাদেশের কষ্টার্জিত উন্নয়ন কোনো অলৌকিক ঘটনা নয়। এটা আমাদের নারী পুরুষের সম্মিলিত কাজ। আমি শুধুমাত্র তাদের কাঙ্ক্ষিত পথে পরিচালিত করার চেষ্টা করেছি। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন ও দৈনিক আজকের ময়মনসিংহ।

০২। স্বাধীন-দায়িত্বশীল গণমাধ্যম উন্নয়ন সহায়ক- তথ্য ও সম্প্রচারমন্ত্রী

স্বাধীন, স্বচ্ছ ও দায়িত্বশীল গণমাধ্যম অর্থনৈতিক উন্নয়নের জন্য সহায়ক ও গণতান্ত্রিক সমাজের জন্য অপরিহার্য বলে উল্লেখ করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ। তিনি বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আজকে গণমাধ্যমের স্বাধীন বিকাশ, অর্থনৈতিক উন্নয়ন এবং গণতন্ত্রের প্রাতিষ্ঠানিক রূপদানের এক অনন্য উদাহরণ। মঙ্গলবার (২৩ মে) দুপুরে ইন্দোনেশিয়ার বালিতে ১৮তম এশিয়া মিডিয়া সামিটের উদ্বোধনী দিনে মন্ত্রী পর্যায়ের অধিবেশনে বক্তৃতাকালে তিনি এ কথা বলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

০৩। ময়মনসিংহের গৌরীপুরে তিন দিনব্যাপী কৃষি মেলার উদ্বোধন

কন্দাল ফসল উন্নয়ন প্রকল্পের আওতায় গৌরীপুর উপজেলা কৃষি অধিদপ্তর এর আয়োজনে ময়মনসিংহের গৌরীপুরে মঙ্গলবার (২৩ মে) কৃষিমেলার উদ্বোধন করা হয়েছে। স্থানীয় কৃষি অফিস চত্বরে তিন দিনব্যাপী (২৩-২৫ মে) কৃষি মেলার শুভ উদ্বোধন করেন জাতীয় সংসদ সদস্য নাজিম উদ্দিন আহমেদ। উদ্বোধনী অনুষ্ঠানে তিনি প্রধান অতিথি হিসেবেও বক্তব্য প্রদান করেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক স্বজন।

০৪। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সকলকেই ভূমিকা রাখতে হবে- বিভাগীয় কমিশনার

ময়মনসিংহ বিভাগীয় কমিশনার মো. শফিকুর রেজা বিশ্বাস বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা অসহায়দের স্বপ্ন পূরণ করে চলেছেন। এরই ধারাবাহিকতায় মুজিব শতবর্ষ উপলক্ষে সারাদেশে গৃহহীন-ভূমিহীনদের মাঝে লাল-সবুজের ঘর উপহার প্রদান করা হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ২০৪১ সালের মধ্যেই স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সকলকেই ভূমিকা পালন করতে হবে। মঙ্গলবার (২৩ মে) নেত্রকোনার বারহাট্টা উপজেলা প্রশাসনের উদ্যোগে উপজেলা পরিষদের অস্থায়ী হলরুমে বারহাট্টার উন্নয়ন কার্যক্রম, আইন-শৃঙ্খলা ও জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অংশীজদের সাথে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে নেত্রকোনা জেলা প্রশাসক অঞ্জনা খান মজলিশসহ অন্যান্য বক্তারা বক্তব্য রাখেন। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

০৫। কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে রবীন্দ্র জন্মজয়ন্তী পালিত

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে ১৬২ তম রবীন্দ্র জন্মজয়ন্তী পালন করা হয়েছে। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের গাহি সাম্যের গান মঞ্চে মঙ্গলবার (২৩ মে) আয়োজিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নজরুল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৌমিত্র শেখর। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভারতের বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. সুমিতা চক্রবর্তী। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** সম্প্রতি দেশে সাইবার অপরাধের পরিমাণ বেড়ে গেছে। এ অপরাধের সবচেয়ে বেশি শিকার হচ্ছে নারী ও শিশু। মাধ্যমটিকে ব্যবহার করে আর্থিক প্রতারণাও বেড়েছে। সাইবার অপরাধের বিষয়ে আইন-শৃঙ্খলা বাহিনী তৎপর, তবে তাদের কাছে ভুক্তভোগীদের আসতে হবে।
- (খ) **দৈনিক স্বজন:** আমাদের দেশের অনেক নদ-নদী ভাঙ্গনপ্রবণ। নদীভাঙ্গনের কবলে পড়ে অনেক পরিবার সর্বস্বান্ত হয়েছে। নদীভাঙ্গন একটি বিপদজনক সমস্যা যা দুর্গতি এবং পরিবেশ ধ্বংসের সৃষ্টি করতে পারে। ভাঙ্গনে ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়ানো প্রয়োজন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্রুত ভাঙ্গনরোধে যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন, এটাই প্রত্যাশা।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। আবহাওয়াজনিত দুর্যোগ অর্থনৈতিক ব্যয় ও আগাম সতর্ক বার্তা- মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান (দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক স্বজন)
- ০২। তালাকপ্রাপ্তা স্ত্রীর যৌতুক মামলা ও আইনি বাস্তবতা- সিরাজ প্রমাণিক (দৈনিক আজকের ময়মনসিংহ)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।